BASIC Bank Limited

(Bangladesh Small Industries and Commerce Bank Limited)

**Head Office**

বেসিক ব্যাংক লিমিটেড

(বাংলাদেশ স্মল ইন্ডাস্ট্রিজ এন্ড কমার্স ব্যাংক লিমিটেড)

বেসিক/প্রঃকাঃ/এমডি'স অফিস/২০১৯/৫৭৩৭

তারিখঃ ১৬ই এপ্রিল, ২০১৯

# অফিস আদেশ

**বিষয়ঃ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম শতবর্ষ -২০২০ উদযাপন কমিটি গঠন প্রসঙ্গে।**

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী জাতীয়ভাবে উদযাপনের লক্ষ্যে সরকার ২০২০ সালকে **"মুজিব বর্ষ"** ঘোষণা করেছে। এ লক্ষ্যে বেসিক ব্যাংক লিমিটেড এর সকল কর্মকর্তা-কর্মচারী এই মহান নেতার জন্ম শতবর্ষ-২০২০ যথাযোগ্য মর্যাদায় পালনের উদ্যোগ গ্রহন করেছে।

জাতির পিতার জন্ম শতবর্ষ যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য ব্যাংকের নিম্ন বর্ণিত নির্বাহী/কর্মকর্তা(গণ) এর সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলো।

| ক্রমিক নং | নির্বাহী/ কর্মকর্তা(গণ) | কমিটিতে পদমর্যাদা |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ মোজাম্মেল হোসেন, মহাব্যবস্থাপক (স্টাফ আইডিঃ ১১২০) | আহবায়ক |
| ০২ | জনাব আহম্মদ হোসেন, মহাব্যবস্থাপক (স্টাফ আইডিঃ ১৫৩৩) | সদস্য |
| ০৩ | জনাব খান ইকবাল হাসান, মহাব্যবস্থাপক (স্টাফ আইডিঃ ১১৫৮) | সদস্য |
| ০৪ | জনাব মোহাম্মদ মুসা খান, উপ মহাব্যবস্থাপক (স্টাফ আইডিঃ ১৯৭৭) | সদস্য |
| ০৫ | জনাব শংকর তালুকদার, সহকারী ব্যবস্থাপক (স্টাফ আইডিঃ ২০৭৪) | সদস্য সচিব |
| ০৬ | জনাব মোঃ তারিকুল ইসলাম, কর্মকর্তা (স্টাফ আইডিঃ ২৭৯১) | সদস্য |

উপরিল্লোখিত কমিটির সদস্য ছাড়াও বঙ্গবন্ধু পরিষদের সকল সদস্যদের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে জাতির জনক বঙ্গবন্ধুর জন্ম শত-বার্ষিকী উদযাপনকে সাফল্যমণ্ডিত করতে সার্বিক কার্যক্রম পরিচালনা করবে। বেসিক ব্যাংকের সকল মহাব্যবস্থাপক ও তদূর্ধ্ব নির্বাহীগণ উপদেষ্টা হিসেবে থাকবেন। কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট যে কোন নির্বাহী/কর্মকর্তাকে কো-অপ্ট (Co-opt) করতে পারবে।

আহম্মদ হোসেন
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্বে)

অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের নিমিত্তে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। এপিএস, ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)। সদয় অবগতির জন্য।

২। পিএস, উপ ব্যবস্থাপনা পরিচালক। সদয় অবগতির জন্য।

৩। প্রধান কার্যালয়ের মহাব্যবস্থাপকগণ। সদয় অবগতির জন্য।

৪। সংশ্লিষ্ট নির্বাহী/কর্মকর্তা(গণ)।

Sena Kalyan Bhaban (6th Floor) 195 Motijheel Commercial Area, Dhaka-1000, Bangladesh. **Phone** 9568190, 9564830, 9556616, 9590548-49
**Fax** 88-02-9564829 **Telex** 642408 BASIC BJ, **SWIFT** BKSIBDDH, **E-mail** basicho@citechco.net, **Web Site** : www.basicbanklimited.com

# বেসিক ব্যাংক লিমিটেড
# প্রধান কার্যালয়, ঢাকা।

বিষয়ঃ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম শতবার্ষিকী উদযাপন (মুজিব বর্ষ ২০২০) কমিটির কর্তৃক আয়োজিত **সভার কার্যবিবরণী** ।

সভাপতিঃ জনাব মোঃ রফিকুল আলম, ব্যবস্থাপনা পরিচালক, বেসিক ব্যাংক লিমিটেড।

সভার তারিখ ও সময়ঃ ২০ ফেব্রুয়ারি, ২০২০ইং, বিকাল ০৩.৩০ ঘটিকা।

সভার স্থানঃ প্রধান কার্যালয় (৭ম তলা), বেসিক ব্যাংক লিমিটেড।

উপস্থিতির তালিকাঃ

| নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১। জনাব কনক কুমার পুরকায়স্থ | উপ-ব্যবস্থাপনা পরিচালক | |
| ২। জনাব মোঃ মোজাম্মেল হোসেন | মহাব্যবস্থাপক | |
| ৩। জনাব আহম্মদ হোসেন | মহাব্যবস্থাপক | |
| ৪। জনাব মোহাম্মদ মনিরুজ্জামান | মহাব্যবস্থাপক | |
| ৫। জনাব এ এস এম রওশানুল হক | মহাব্যবস্থাপক | |
| ৬। জনাব এ.কে.এম. মাসুদউর রহমান | মহাব্যবস্থাপক | |
| ৭। জনাব খান ইকবাল হাসান | মহাব্যবস্থাপক | |
| ৮। জনাব নিরঞ্জন চন্দ্র দেবনাথ | মহাব্যবস্থাপক | |
| ৯। জনাব আবু মোঃ মোফাজ্জল | মহাব্যবস্থাপক | |
| ১০। জনাব নিয়াজ মুসাব্বির শাহ | উপ-মহাব্যবস্থাপক | |
| ১১। জনাব মোহাম্মদ মুসা খান | উপ-মহাব্যবস্থাপক | |
| ১২। জনাব শাকির মাহমুদ শরাফুদ্দিন | উপ-মহাব্যবস্থাপক | |
| ১৩। জনাব মাহমুদুল হাসান | সহঃ মহাব্যবস্থাপক | |
| ১৪। জনাব মোঃ জসিম উদ্দীন | সহঃ মহাব্যবস্থাপক | |
| ১৫। জনাব শংকর তালুকদার | সহঃ ব্যবস্থাপক | |
| ১৬। জনাব মোঃ তারিকুল ইসলাম | কর্মকর্তা | |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন।সভার শুরুতে তিনি মুজিববর্ষ (২০২০) উদযাপন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচীর অগ্রগতি সম্পর্কে অবহিত হন এবং উপস্থিত সদস্যগণের মতামত গ্রহণ করেন। সম্মানিত সভাপতি মুজিববর্ষ উপলক্ষ্যে বেসিক ব্যাংক লিমিটেড কর্তৃক গৃহীত কর্মসূচীসমূহ যথাসময়ে এবং সুষ্ঠুভাবে পালনের দিকনির্দেশনা প্রদান করেন। অতঃপর সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ-

১. জনাব খান ইকবাল হাসান ও জনাব মাহমুদুল হাসান এর নেতৃত্বে ঢাকা বিভাগীয় স্কুল নির্বাচন উপ-কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।

২. জনাব মোহাম্মদ মনিরুজ্জামান, জনাব এ এস এম রওশনুল হক, জনাব শংকর তালুকদার, জনাব মোঃ তারিকুল ইসলাম এর নেতৃত্বে বিভাগীয় পর্যায়ে পুস্তক ও আলমারী বিতরণ উপ-কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩. জনাব আহম্মদ হোসেন এর নেতৃত্বে “বঙ্গবন্ধু কর্ণার” স্থাপনের জন্য উপ-কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।

৪. মুজিববর্ষ (২০২০) উপলক্ষ্যে কর্মকর্তা-কর্মচারীবৃন্দের মধ্যে “কোট পিন” বিতরণের ~~গঠনের~~ সিদ্ধান্ত গৃহীত হয়।

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষনা করেন ।

**মোঃ মোজাম্মেল হোসেন**
আহবায়ক
মুজিববর্ষ (২০২০) উদযাপন কমিটি

# বেসিক ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়, ঢাকা।

www.basicbanklimited.com

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনের চলমান অগ্রগতি পর্যালোচনার জন্য বেসিক ব্যাংক লিমিটেড এর "মুজিববর্ষ ২০২০" পালন উদযাপন কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ মোজাম্মেল হোসেন, মহাব্যবস্থাপক, বেসিক ব্যাংক লিঃ এবং আহবায়ক, মুজিববর্ষ ২০২০ উদযাপন কমিটি;

সভার তারিখ ও ~~স্থান~~ সময় : ০৯ ফেব্রুয়ারী, ২০২০, বিকাল ৪.০০ ঘটিকা;

সভার স্থান : প্রধান কার্যালয় (৬ষ্ঠ তলা), বেসিক ব্যাংক লিমিটেড।

উপস্থিতির তালিকা:

| ক্রমিক | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ মোজাম্মেল হোসেন, | আহবায়ক; | |
| ২ | জনাব আহম্মদ হোসেন, | সদস্য; | |
| ৩ | জনাব খান ইকবাল হাসান | সদস্য; | |
| ৪ | জনাব মোহাম্মদ মুসা খান, | সদস্য; | |
| ৫ | জনাব শংকর তালুকদার, | সদস্য সচিব; | |
| ৬ | জনাব মো: তারিকুল ইসলাম, | সদস্য; | |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে তিনি মুজিববর্ষ-২০২০ উদযাপনের চলমান কর্মসূচীর অগ্রগতি সম্পর্কে সকলকে অবহিত করেন এবং উপস্থিত সদস্যদের মতামত গ্রহণ করেণ। অতঃপর তিনি মুজিববর্ষ-২০২০ এর নিম্নলিখিত কর্মসূচীগুলো এক সপ্তাহের মধ্যে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরকে নির্দেশ প্রদান করেন।

গৃহীত কর্মসূচীঃ-

১। মুজিববর্ষ-২০২০ এর লোগো সম্বলিত ব্যানার, স্টিকার, ফেস্টুন প্রতি শাখায় দ্রুত টানানোর ব্যবস্থা করা,

২। লাইটিং (১৭ মার্চ ২০২০ এর পূর্ববর্তী-পরবর্তী রাত্রিতে)

৩। প্রতি শাখায় বেলুনসহ পেপার এগজাগন ডিসপ্লে।

৪। মার্চের প্রথম সপ্তাহ-কে পরিস্কার পরিচ্ছন্নতা সপ্তাহ ঘোষণা করে প্রতি শাখায় পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনা করা এবং এ বিষয়ে প্রধান কার্যালয় থেকে একটি মাস্টার সার্কুলার জারীর ব্যবস্থা করা।

বিবিধ আলোচনার মধ্যে বঙ্গবন্ধু কর্নার ও "বঙ্গবন্ধু শতায়ু সঞ্চয় প্রকল্পের" বিষয়ে পরবর্তী সভায় চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের জন্য নির্ধারণ করা হয় এবং সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরকে পরবর্তী সভায় উপস্থাপনের জন্য নির্দেশ প্রদান করা হয়। সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং সবার সম্মতিক্রমে পরবর্তী সভা ১১ ফেব্রয়ারী ২০২০ তারিখে আহবান করেন।

মোঃ মোজাম্মেল হোসেন,

আহবায়ক, মুজিববর্ষ-২০২০ উদযাপন কমিটি;

BASIC Bank Limited
(Bangladesh Small Industries and Commerce Bank Limited)
Head Office

বেসিক ব্যাংক লিমিটেড
(বাংলাদেশ স্মল ইন্ডাস্ট্রিজ এন্ড কমার্স ব্যাংক লিমিটেড)

বেসিক/প্রঃকাঃ/এমডি'স অফিস/২০১৯/১৬১৯৭
১৮ নভেম্বর, ২০১৯

**জনাব মোঃ সাঈদ কুতুব**
উপ-সচিব ও ফোকাল পার্সন
"পরিচ্ছন্ন গ্রাম- পরিচ্ছন্ন শহর" কার্যক্রম
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়, ঢাকা।

**বিষয়ঃ "মুজিব বর্ষ (২০২০)" -কে সামনে রেখে "পরিচ্ছন্ন গ্রাম- পরিচ্ছন্ন শহর" কার্যক্রমের বিস্তারিত কর্ম পরিকল্পনা প্রসঙ্গে।**

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে ও আপনাদের পত্র সূত্রস্থ স্মারক নং ৫৩.০০.০০০০.২১১.৯৯.০০৫.১৯-৭১৮ তারিখ ০৪ নভেম্বর, ২০১৯ এর প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে "মুজিব বর্ষকে (২০২০)" সামনে রেখে পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে "পরিচ্ছন্ন গ্রাম- পরিচ্ছন্ন শহর" কার্যক্রমের অংশ হিসেবে বেসিক ব্যাংক লিমিটেড নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করেছেঃ

১। বেসিক ব্যাংক লিঃ তার প্রধান কার্যালয়সহ দেশব্যাপী ৭২ (বাহাত্তর) টি শাখার ভিতর এবং বাহির অংশ পরিচ্ছন্ন রাখবে।

২। শাখাসমূহ পরিচ্ছন্ন রাখার পাশাপাশি প্রতিটি শাখার চারপাশ পরিস্কার রাখার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

উল্লেখ্য যে, বেসিক ব্যাংক লিঃ কর্তৃক গৃহীত পরিচ্ছন্ন কার্যক্রমটি "মুজিব বর্ষ (২০২০)" এর প্রথম দিন থেকে শুরু হয়ে নিরবিচ্ছিন্নভাবে চলতে থাকবে এবং এ কার্যক্রমে সার্বিক সহযোগিতার জন্য ব্যাংকের উপ-মহাব্যবস্থাপক জনাব মোহাম্মদ মুসা খানকে (মোবাইল নং-০১৭১২-৫৪৮৫১৬) ফোকাল পার্সন নির্বাচিত করা হয়েছে।

ধন্যবাদান্তে

**মোঃ মোজাম্মেল হোসেন**
মহাব্যবস্থাপক

তারিখঃ ০১ই মার্চ, ২০২০

জনাব খান ইকবাল হাসান
মহাব্যবস্থাপক
বেসিক ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়,
ঢাকা-১০০০।

বিষয়ঃ মুজিববর্ষ(২০২০)উপলক্ষ্যে বিভাগীয় পর্যায়ে স্কুল নির্বাচন উপ-কমিটি প্রসঙ্গে ।

মহোদয়,

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম শতবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে এবং মুজিববর্ষে (২০২০) বেসিক ব্যাংক লিঃ বিভাগীয় পর্যায়ে স্কুল নির্বাচন এবং পুস্তক ও আলমারী বিতরণ কর্মসূচী গ্রহণ করেছে। এ লক্ষ্যে ঢাকা বিভাগের স্কুল নির্বাচনে আপনার তত্বাবধানে এবং নিম্নে উল্লিখিত কর্মকর্তাদের সমন্বয়ে উপ-কমিটি গঠন করা হল:

| | | |
|---|---|---|
| ১। জনাব খান ইকবাল হাসান, | মহাব্যবস্থাপক | সভাপতি |
| ২। জনাব নিয়াজ মুসাব্বির শাহ্, | উপমহাব্যবস্থাপক | সদস্য |
| ৩। জনাব মাহমুদুল হাসান, | সহকারী মহাব্যবস্থাপক | সদস্য |

উল্লেখ্য যে, বেসিক ব্যাংক লিঃ এর “মুজিববর্ষ (২০২০) উদযাপন কমিটি”র সভায় বিভাগীয় পর্যায়ে স্কুল নির্বাচনের মানদন্ড নিম্নোক্তভাবে নির্ধারণ করা হয়েছেঃ

১। বিদ্যালয়টি হতে হবে ঐতিহ্যবাহী-বেসরকারী;

২। বেসিক ব্যাংক লিঃ এর যেকোন শাখার কাছাকাছি;

৩। কোন বিখ্যাত ব্যাক্তি উক্ত বিদ্যালয়ে পড়াশুনা করেছেন(যদি পাওয়া যায়)।

উক্ত মানদন্ড অনুযায়ী আপনার নেতৃত্বের উপ-কমিটি তিনটি বিদ্যালয় নির্বাচন করবে, এর মধ্য থেকে একটি বিদ্যালয়কে “মুজিববর্ষ (২০২০) উদযাপন কমিটি” নির্বাচন করে কর্মসূচী বাস্তবায়ন করবে। উল্লেখ্য, ঢাকা বিভাগের স্কুল নির্বাচন করে পুস্তক ও আলমারি বিতরনের ঘোষিত সম্ভাব্য তারিখ ০৮ই এপ্রিল ২০২০ ।

মোঃ মোজাম্মেল হোসেন,
আহবায়ক, মুজিববর্ষ (২০২০) উদযাপন কমিটি

০১/০৩/২০২০